



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd


প্রেস-রিলিজ

তারিখঃ ০৪.০২.২০১৯ খ্রি:

## বরিশাল বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের উদ্যোগে ১ম ড্রোন উড্ডয়ন

বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের মেধাবী শিক্ষার্থী মোঃ সোহেল মাহামুদ, আহম্মদ সাবির, জুবায়ের আবদুল্লাহ জয়, আবু সাঈদ মোঃ আফ্রিদি ও মীর সামিউর রহিম সাদ এর সফল প্রচেষ্টায় প্রথম বারের মত বরিশাল বিশ্ববিদ্যালয়ের আকাশে নিজেদের তৈরি ড্রোন উড়ল। ৪ ফেব্রুয়ারি দুপুর ২.৩০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চ প্রাঙ্গণে এর সফল উড্ডয়নের শুভ উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক। এসময় শিক্ষার্থীদের মধ্যে আনন্দ ছড়িয়ে পড়ে। উপস্থিত ছিলেন সিএসই বিভাগের চেয়ারম্যান ও বঙ্গবন্ধু হলের প্রভোস্ট জনাব রাহাত হোসাইন ফয়সাল, সিএসই বিভাগের প্রভাষক জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান ড. হাফিজ আশরাফুল হকসহ সিএসই বিভাগের শিক্ষার্থীবৃন্দ। উপাচার্য মহোদয় শিক্ষার্থীদের এ ধরনের উদ্যোগকে স্বাগত জানান ও সমৃদ্ধি কামনা করেন। ড্রোনটি বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তার কাজে ব্যবহার করা যেতে পারে বলেও তিনি মত প্রকাশ করেন। উদ্বোধনের পর ড্রোনটি উড়িয়ে দেখান কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের শিক্ষার্থী জুবায়ের আবদুল্লাহ জয়। এসময় উপস্থিত শিক্ষার্থীরা করতালির মাধ্যমে নির্মাতাদের উৎসাহ প্রদান করেন। এর মাধ্যমে “অটোমেটেড গ্রুপস কোয়ালিটি মনিটোরিং ইউজিং ড্রোন সার্ভেলেন্স এন্ড ইমেজ প্রসেসিং” প্রজেক্টের প্রথম পর্বের সফল উড্ডয়ন সম্পন্ন হল।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

  
৪১২১২০

মোঃ দিদার হোসেন খান  
সহকারী রেজিস্ট্রার ও  
ভারপ্রাপ্ত জনসংযোগ কর্মকর্তা  
বরিশাল বিশ্ববিদ্যালয়